তারিখ 25 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

আজকের কাগজ

01

সংসদে শিক্ষামন্ত্রী

# দেশে শিক্ষিতের হার ৪৪.৩০

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী এএসএইচ কে সাদেক বলেছেন, দেশে বর্তমানে শিক্ষিতের হার ৪৪.৩০% এবং দেশে এসএসসি পাস লোকের সংখ্যা প্রায় ৪১ লাখ ৭৬ হাজার ৫শ' জন এবং স্নাতক পাস লোকের সংখ্যা ১২ লাখ ৭১ হাজার।

গতকাল সংসদে প্রশ্নোত্তর পর্বে যশোর-৪ আসন থেকে নির্বাচিত সাংসদ শাহ হাদীউজ্জামানের এক প্রশ্নের জবাবে মন্ত্রী সংসদকে এ তথ্য দেন। মন্ত্রী বলেন, ১৯৯৫ সালের পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী বর্তমানে দেশে শিক্ষিতের হার ৪৪.৩০% (তবে তা ৭ বছর বা তদূর্ধ্ব বয়সী)।

এ ছাড়া মৌলভীবাজার-৪ আসন থেকে নির্বাচিত সাংসদ উপাধ্যক্ষ আবদুস শহীদ-এর অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা ছাড়াও ৯৬-৯৭ অর্থবছরে প্রায় ৩০ লাখ নিরক্ষরকে সাক্ষর করার জন্য সরকারের পরিকল্পনা আছে। যশোর-৫ আসন থেকে নির্বাচিত সাংসদ খান টিপু সুলতানের এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরো বলেন, জাতীয় শিক্ষানীতি ঘোষণার পরিকল্পনা সরকারের আছে, তবে তা ঘোষণার সঠিক তারিখ এ মুহূর্তে বলা সম্ভব নয়।

১৫৫.